গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ প্রকল্প (৩য় পর্যায়)
৬২ পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.lged.gov.bd



স্মারক নং-৪৬.০২.০০০০.৭২১.১৪.১০২.২৬- ৬৮৭ তারিখ: ২৬/১১/২০২৬খ্রি.

প্রতি

উপজেলা প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
উপজেলা: সদর, জেলা: ব্রাহ্মণবাড়িয়া।

বিষয়: ব্রাহ্মণবাড়িয়া জেলার সদর উপজেলায় বরিশল ইউপি কমপ্লেক্স ভবন নির্মাণ কাজের প্রাক্কলন অনুমোদন ও দরপত্র আহবান প্রসঙ্গে।

সূত্র: উপজেলা প্রকৌশলী, উপজেলা: সদর, ব্রাহ্মণবাড়িয়া এর স্মারক নং-৪৬.০২.১২১৩.০০০.০০০০.৯৯.০২০৭.২৬-৯৯৯ তারিখ: ১৮-১১-২০২৬খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ প্রকল্প (৩য় পর্যায়)" এর আওতায় ব্রাহ্মণবাড়িয়া জেলার সদর উপজেলায় বরিশল ইউপি কমপ্লেক্স ভবন নির্মাণ কাজ (প্যাকেজ নং e-GP/UPCBP/BRAH/SADAR/2026-27/W100) পিপিআর-২০২৫ এবং অদ্যবধি এর সংক্রান্ত জারীকৃত সকল সংশোধনীতে বর্ণিত নিয়মাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক নিম্নলিখিত শর্তসাপেক্ষে সর্বমোট প্রাক্কলিত মূল্য ৩,৬৯,৬৭,১৮৫.০০ (তিন কোটি উনসত্তর লক্ষ সাতষট্টি হাজার একশত পঁচাশি) টাকা ই-জিপি উন্মুক্ত দরপত্র (OTM) পদ্ধতিতে দরপত্র আহবানপূর্বক কাজ বাস্তবায়নের জন্য প্রাক্কলন অনুমোদন প্রদান করা হলো। "পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫" এবং ই-জিপি গাইড লাইন ২০২৫ অনুসরণে অনুমোদিত প্রাক্কলনে দরপত্র আহবান, দরপত্র দলিল বিক্রয় গ্রহণ, উন্মুক্তকরণ, দরপত্র মূল্যায়ন, দরপত্র অনুমোদন প্রক্রিয়াকরণ, ঠিকাদার নির্বাচন, ঠিকাচুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলী:

১. ক) APP অনুমোদনের ক্ষেত্রে Work Flow হবে, Reviewer PD, UPCBP-3 এর মাধ্যমে AO, Additional Chief Engineer (RID&M) এর নিকট পাঠাতে হবে অর্থাৎ Start by PE, Reviewer PD, End by AO, Addl.CE (RID&M);

খ) Tender document প্রস্তুত করার পরে PD, UPCBP-3 এর মাধ্যমে Review করতে হবে। Work flow customized হবে। Initiator: PE, Reviewer: PD, UPCBP-3, LGED;

গ) e-GP সিস্টেম অনুসরণ করে NOTM পদ্ধতিতে দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করতে হবে এবং BPPAকর্তৃক নির্ধারিত Standard Tender Document e-PW2 (A) ব্যবহার করে করতে হবে;

ঘ) দরপত্র দলিল নির্বাচনের ক্ষেত্রে BPPA এর STD e-PW2(A) ব্যবহার করতে হবে এবং PPR-2025 ও তার সংশোধনী অনুসরণ করতে হবে। ডকুমেন্ট প্রস্তুতের সময় TDS এর ITT Clause 25.1(K) এবং চুক্তি স্বাক্ষরের সময় PCC এর Clause GCC 6.1(j) তে "Appendix-5 of Environment Management Framework (EMF) Under UPCBP-3, LGED" অন্তর্ভূক্ত করতে হবে;

ঙ) দরপত্র অনুমোদনের ক্ষেত্রে Workflow হবে Initiator: TEC, Chirperson, Approver: PD, UPCBP-3, LGED;

চ) দরপত্রে কোনভাবেই অনুমোদিত দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় পরিবর্তন করা যাবে না এবং লামসাম আইটেমের ক্ষেত্রে দরপত্রে আইটেমসমূহ দরপত্রে ফিক্সড করে দিতে হবে, যাতে দরদাতা কোন দর দাখিল করতে না পারে। ব্যত্যয় হলে দরপত্র ত্রুটিপূর্ণ বিবেচনায় পুনঃদরপত্র করার নির্দেশ প্রদান করা হতে পারে;

ছ) ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ কাজ বাস্তবায়নকাল হবে ৫১০ (পাঁচশত দশ) দিন/১৭(সতের) মাস।

২. সিপিটিইউর (বর্তমানে BPPA) ১১-১-২০১৮ ইং তারিখের স্মারক নং-২১.০০.০০০০.৩৬৩.২২.০৯০.১৮-১৫৬ পরিপত্রের মর্মানুসারে ক্রয়কার্য বাস্তবায়নের স্বচ্ছতা এবং বাস্তবায়িত কাজের সুষ্ঠু দালিলির (Documentation) নিশ্চিতকল্পে অবকাঠামো উন্নয়ন কাজের প্রিওয়ার্ক ও পোস্টওয়ার্ক কাজের ডিডিও ও বিভিন্ন এঙ্গেলের স্থিরচিত্র সংরক্ষণ করতে হবে এবং উক্ত বিষয়টি পিসিসিতে সংযোজন করতে হবে;

৩. পিপিআর-২০২৫ অনুযায়ী দরপত্র বিজ্ঞপ্তি কমপক্ষে বহুল প্রচারিত ২টি জাতীয় দৈনিক পত্রিকায় (১টি বাংলা ও ১টি ইংরেজী) এবং ঢাকার বাহিরে কার্যরত ক্রয়কারী বহুল প্রচারিত ১টি স্থানীয় দৈনিক পত্রিকায় এবং BPPA ও LGED এর Website এ প্রকাশ করতে হবে;

৪. কার্যাদেশ প্রদানের স্থানীয় সরকার বিভাগ কর্তৃক অনুমোদিত নির্মাণ স্থানটির জমির সীমানা চিহ্নিত করন পূর্বক জমির দখল বাস্তবে বুঝে নিয়ে জেলা নির্বাহী প্রকৌশলী ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সরেজমিনে উপস্থিত হয়ে লে-আউট চুড়ান্ত করবেন এবং লে-আউট প্রদানের পূর্বে উপজেলা নির্বাহী কর্মকর্তা কে অবহিত করবেন। লে-আউট প্রদান চুড়ান্ত হলে এ সংক্রান্ত ছবি ও কাগজপত্র অত্র দপ্তরে প্রেরণ করবেন;

৫. নির্মাণ কাজ শুরু করার পূর্বে অনুমোদিত নক্সা, ডিজাইন ও প্রাক্কলনের ১(এক) সেট সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে প্রদান করে প্রাপ্তি স্বীকার গ্রহণ করতে হবে এবং সংশ্লিষ্ট কাজের নথিতে সংরক্ষণ করতে হবে;

৬. ভবনের কাজ শুরুর পূর্বেই নির্মাণ কাজে ব্যবহারের লক্ষ্যে নির্মাণ সামগ্রী (Reinforcement, Cement, Brick, Aggegate-Stone, Sand ইত্যাদি) Site এ মজুদ এবং গুনগতমান স্পেসিফিকেশন অনুযায়ী নিশ্চিত করার জন্য কাজ শুরুর পূর্বে সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলীর দপ্তরের ল্যাবরেটরীতে টেষ্ট করতে হবে। গুরুত্বপূর্ণ ঢালাই কাজে নির্বাহী প্রকৌশলী দপ্তরের সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী/উপযুক্ত প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং ঢালাই কাজ (Footing, Column, Beam, Slab) ইত্যাদি চলাকালীন সময়ে ঢালাই কাজের Slump Test করতে হবে;

Administrative Approval for letter.

৭. ইউনিয়ন পরিষদের সমস্ত কাজের জন্য Steel shutter formwork এবং Propping steel ব্যবহার করতে হবে। কোন রকম কাঠ ও বাঁশ এবং পলিথিন ব্যবহার করা যাবে না;

৮. Formwork এবং Shuttering সমাপ্ত করে কাজের ছবি PD Office এ প্রেরণ পূর্বক ঢালাই এর তারিখ নির্ধারণ করতে হবে;

৯. কাজের শুরু থেকে অনুমোদিত ড্রইং ডিজাইন ও স্পেসিফিকেশন মোতাবেক গুনগতমান নিশ্চিত করে কাজ সম্পাদন করতে হবে। কোন অবস্থাতেই প্রধান প্রকৌশলী মহোদয়ের স্মারক নং-এলজিইডি/সিই/পরিকল্পনা/পি-৪৯/২০০৯/৬১২ তারিখ: ৩০.০৪.০৯ইং এর নির্দেশনা অনুযায়ী ত্রুটিপূর্ণ কোন কাজের বিল পরিশোধ করা যাবে না। যদি কোন কাজে ত্রুটি পরিলক্ষিত হয় সেক্ষেত্রে ত্রুটিপূর্ণ কাজ অবশ্যই অনুমোদিত প্রাক্কলন ও স্পেসিফিকেশন অনুযায়ী সংশোধন নিশ্চিত করার পর সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী সরেজমিন পরিদর্শনে সমুদয় ত্রুটি সংশোধন করা হয়েছে মর্মে নিশ্চিত করার পর সর্বোচ্চ ৯০% পর্যন্ত চলতি বিল প্রদান করা যাবে। চুড়ান্ত বিল প্রদানের পূর্বে PD Office এর প্রত্যয়ন গ্রহণ পূর্বক প্রদান করতে হবে;

১০. এই অনুমোদিত প্রাক্কলনের ভিত্তিতে ঠিকাদারের বিল প্রদানের জন্য প্রচলিত সকল বিধিবিধান অনুসরণ করতে হবে। কোন অবস্থাতেই অন্য কোন প্রকল্পে আওতায় গৃহীত স্কীমের কোন অংশের কোন বিল এই খাত হতে প্রদান করা যাবে না;

১১. কোন Item এ Front Loading এর ক্ষেত্রে চলতি বিল প্রদানের সময় উহার দর ও গড় উদ্ধৃত দরের মধ্যে যেটি কম তার চেয়ে বেশী হবে না;

১২. উক্ত নির্মাণ স্থানে জমি সংক্রান্ত জটিলতা না থাকলে এবং আইনগত কোন বাধা না থাকলে এবং মন্ত্রণায়য়ের প্রশাসনিক অনুমোদন সাপেক্ষে ভবন নির্মাণ কাজ বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। ভবিষ্যতে জমি সংক্রান্ত কোন সমস্যা হলে সংশ্লিষ্ট উপজেলা প্রকৌশলী দায়ী হবেন এবং কাজ শুরুর পূর্বে জমি সংক্রান্ত কোন জটিলতা নেই এই মর্মে উপজেলা প্রকৌশলীকে NOC প্রদান করতে হবে;

১৩. কার্যাদেশে উল্লেখিত সময়ের মধ্যে ঠিকাদারের দাখিলকৃত Programme of Works মোতাবেক অবশ্যই গুনগতমান নিশ্চিত করে নির্মাণ কাজ সমাপ্ত করতে হবে। এ বিষয়ে নির্বাহী প্রকৌশলীসহ সংশ্লিষ্ট কারিগরী কর্মকর্তা ও কর্মচারীগণকে যথাযথভাবে মনিটরিং ও সুপারভিশন করতে হবে এবং সাইটে সাইট অর্ডার বহি সংরক্ষণ ও সুপারভিশনসহ মতামত লিপিবদ্ধ করতে হবে;

১৪. ইউপি কমপ্লেক্স ভবনের নির্মাণ কাজ শেষ হলে ক) সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যানের নিকট সংযোজিত হস্তান্তর ছকে ভবনটি হস্তান্তর করে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করতে হবে এবং খ) স্কীম সমাপ্তি প্রতিবেদন (Scheme Closure Report) যথাযথভাবে পুরণপূর্বক জেলা নির্বাহী প্রকৌশলীর স্বাক্ষরসহ ৫টি রঙ্গিন ছবি (চার দিকের ও ছাদের) অত্র দপ্তরে প্রেরণ করবেন। অতপর ইউপি কমপ্লেক্স ভবন নির্মাণ কাজের বিপরীতে চুড়ান্ত বিলের অর্থ ছাড় করা হবে। উল্লেখ্য, হস্তান্তর ছক, Scheme Closure Report (SCR) এবং ছবি ও PD Office এর প্রত্যয়ন গ্রহণ ছাড়া চুড়ান্ত বিলের অর্থ প্রদান করা যাবে না।

সংযুক্তি: - অনুমোদিত প্রাক্কলন - ১(এক) প্রস্থ।
- অনুমোদিত প্ল্যান, ডিজাইন, ড্রয়িং ও স্পেসিফিকেশন
(Structural, Architectural, Electrical, Plumbing)

(মোঃ রফিকুল ইসলাম)
প্রকল্প পরিচালক
ফোন: ০২-২২৩৩১৫৫২১৪
e-mail: pd.upcbp3@lged.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (RID&M), এলজিইডি, সদর দপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা।
৫। জেলা প্রশাসক, জেলাঃ ব্রাহ্মণবাড়িয়া।
৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা: ব্রাহ্মণবাড়িয়া। উপজেলা প্রকৌশলী কর্তৃক ভবন নির্মাণ স্থানের জমির দখল বুঝে নেয়া হয়েছে মর্মে নিশ্চিত হয়ে সরেজমিনে উপস্থিত থেকে লে-আউট প্রদান করতঃ যথাযথ তদারকীর মাধ্যমে নির্মাণ কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের ক্ষেত্রে সহযোগীতা করার জন্য অনুরোধ করা হলো।
৭। নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা: সদর, জেলা: ব্রাহ্মণবাড়িয়া।
৯। চেয়ারম্যান, বরিশল ইউপি, উপজেলা: সদর, জেলা: ব্রাহ্মণবাড়িয়া।
১০। অফিস কপি।